দৈনিক ইত্তেফাক

তারিখ ... 09 FEB 1996 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮ ...

117

# ঢাকা ভার্সিটি বন্ধ ঘোষণা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ আগামীকাল (শনিবার) হইতে ১৭ দিনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ বন্ধ ঘোষণা করা হইয়াছে।

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## বন্ধ ঘোষণা

( ১ম পৃঃ পর )

২৭শে ফেব্রুয়ারী বিশ্ববিদ্যালয় খুলিবে। গতকাল (বৃহস্পতিবার) বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের এক সভায় বিশ্ববিদ্যালয়ের এবং দেশের সংকটময় পরিস্থিতির প্রেক্ষিতে শবে-কদর, শহীদ দিবস ও ঈদুল ফিতর উপলক্ষে পূর্ব নির্ধারিত ১৭ই ফেব্রুয়ারীর পরিবর্তে ৭ দিন আগাইয়া আগামীকাল হইতে ছুটি শুরুর সিদ্ধান্ত গৃহীত হয়। ভিসি প্রফেসর এমাজউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় জগন্নাথ হলে পুলিশের প্রবেশ ও নিরীহ ছাত্রদের মারধর করার ঘটনার নিন্দা করা হয় এবং ১লা ফেব্রুয়ারী বাংলা একাডেমীতে প্রধানমন্ত্রীর আগমনের কর্মসূচীকে কেন্দ্র করিয়া বিশ্ববিদ্যালয়ে যে অবাঞ্ছিত ঘটনা ঘটিয়াছিল সেই জন্য দুঃখ প্রকাশ করা হয়।

উল্লেখ্য, গত ৭ই ফেব্রুয়ারী অনুষ্ঠিত সিণ্ডিকেট সভার অনুরোধক্রমে গতকাল সকাল সাড়ে ১০টায় ভিসির সভাপতিত্বে বিভিন্ন অনুষদের ডীন এবং হলসমূহের প্রভোষ্টদের এক সভা এবং দুপুর ১২টায় বিভাগীয় চেয়ারম্যান এবং ইনষ্টিটিউট পরিচালকদের অপর একটি সভা অনুষ্ঠিত হয়। উভয় সভায় বিশ্ববিদ্যালয়ের ক্লাশসমূহের ছুটি আগাইয়া আনিবার জন্য সুপারিশ করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় আকস্মিকভাবে বন্ধ ঘোষণা করিয়া দেওয়ার প্রতিবাদ জানাইয়া ছাত্রলীগের (শা-পা) সভাপতি এ, কে, এম এনামুল হক শামীম ও সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্না গতকাল এক বিবৃতি প্রদান করিয়াছেন। বিবৃতিতে তাহারা বলেন, অবৈধ ও প্রহসনের নির্বাচনকে সফল করার লক্ষ্যে শত আন্দোলনের সূতিকাগার ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ করিয়া দিয়া জিয়া পরিষদ সদস্য ভিসি প্রফেসার এমাজউদ্দিন আহমদ সরকারের পক্ষে দালালির আরও একটি নগ্ন নজীর স্থাপন করিয়াছেন। তাহারা বন্ধের সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী জানান।